# Times Today BD

এম এস রহমান | দেশজুড়ে | 28 June, 2025

কুড়িগ্রামের রৌমারী সীমান্তের শূন্যরেখার কাছাকাছি অজ্ঞাত যুবতীর লাশ উদ্ধার করেছে পুলিশ।

শনিবার (২৮ জুন) সকাল  কুড়িগ্রাম সরকারি মেডিকেলের মর্গে ময়নাতদন্তের জন্য মরদেহ পাঠিয়েছে পুলিশ।শুক্রবার (২৭ জুন) রাত ৮ টার দিকে উপজেলার দাঁতভাঙ্গা ইউনিয়নের পূর্ব ইটালুকান্দা এলাকার সীমান্তঘেষা হলহলিয়া নদী থেকে মরদেহ উদ্ধার করে পুলিশ।

সীমান্ত বাসিন্দারা জানান, আন্তর্জাতিক সীমানা ১০৫৩ মেইন পিলার থেকে দেড়শ গজ বাংলাদেশের অভ্যন্তরে শুক্রবার দুপুরে উপজেলার দাঁতভাঙ্গা ইউনিয়নের পূর্ব ইটালুকান্দা এলাকায় স্থানীয়রা গরু নিয়ে মাঠে চড়াতে গেলে সীমান্ত শূন্য রেখার কাছাকাছি হলহলিয়া নদীতে নারীর মরদেহ দেখতে পায় স্থানীয়রা।

পরে বিজিবি ও থানা পুলিশকে সংবাদ দিলে রাতে বিজিবির উপস্থিতিতে সুরতহাল শেষে মরদেহ উদ্ধার করে থানায় নেয় রৌমারী থানা পুলিশ।

ধারণা কর হচ্ছে ওই নারী ভারতীয় নাগরিক হতে পারে এবং মেরে মরদেহ নদীতে রাখা হতে পারে।মরদেহের পরনে শুধু ব্লাউজ ছিল।

স্থানীয় বাসিন্দা আনোয়ার হোসেন, খায়রুল ইসলাম, সাইফুল ইসলাম, লাল বাদশাসহ অনেকেই বলেন, হলহলিয়া নদীতে এক অজ্ঞাত সন্দেহভাজন যুবতী নারীর লাশ ভাসতে দেখা যায়।ধারণা করা হচ্ছে ওই লাশ ভারতীয়।তাকে নির্যাতন করে হত্যা করে সীমান্তের শূন্য রেখার কাছাকাছি বাংলাদেশের দেড়শগজ অভ্যন্তরে নদীতে ফেলে রেখে গেছে।লাশ ভাসতে দেখে দেখতে ছুটে আসে মানুষজন।

তারা জানান, কয়েকদিন আগে শোনা গেছে ভারতীয় কয়েকজন নারীকে ধরে এনে আসামের আলগা বিএসএফ ক্যাম্পে রেখে তাদের বাংলাদেশের অভ্যন্তরে পাঠানো চেষ্টা করে বিএসএফ। সম্ভবত তাদের মধ্যে এ নারীও হতে পারে।

দাঁতভাঙ্গা ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ডের ইউপি সদস্য হাবিবুর রহমান বলেন, ভারতের সীমান্ত থেকে দেড়-দুই'শ গজ বাংলাদেশের অভ্যন্তরে হলহলিয়া নদীতে এক নারীর লাশ ভাসছে এ রকম সংবাদ আমি শুনতে পারি।পরে স্থানীয় থানাপুলিশ-বিজিবি সংবাদ পেয়ে সীমান্তবর্তী নদী থেকে রাতে লাশ উদ্ধার করে থানায় নিয়ে যান।

তিনি আরও বলেন, ওই অজ্ঞাত নারীর লাশের পরোনে শুধু ব্লাউজ ছিল।সম্ভবত ভারতীয় নাগরিক হতে পারে।নারীর চেহারা বিভৎস হয়েছে। কোনওভাবে চিনার উপায় নেই।

রৌমারী থানার উপ-পরিদর্শক (এসআই) মো. মোসাদ্দেক হোসেন বলেন, মরদেহটি সম্ভবত ১৫ দিন আগের।শরীরের চামড়া খসে পড়েছে। লাশ ময়নাতদন্তের জন্য কুড়িগ্রাম সরকারি মেডিকেলের মর্গে পাঠানো হয়েছে।

জামালপুর ৩৫ বিজিবি ব্যাটালিয়নের অধিনস্থ সাহেবের আলগা বিজিবি ক্যাম্পের সুবেদার মোনায়েম খান বলেন, আন্তর্জাতিক সীমানা পিলার থেকে ৪শ গজ বাংলাদেশের অভ্যন্তরে ইটালুকান্দা এলাকার হলহলিয়া নদীতে অজ্ঞাত নারীর লাশ ভাসছিল। বিজিবি টহলরত সদস্যরা সেখানে গিয়ে লাশ দেখতে পায়।কর্তৃপক্ষকে বিষয়টি অবহিত করা হয়েছে।পাশাপশি থানাপুলিশ এসে নদী থেকে লাশ উদ্ধার করে।ওই নারীর পরিচয় নিশ্চিত হওয়া যায়নি।

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 23:42

URL: https://www.timestodaybd.com/across-the-country/3871775807